

খাজনার সংজ্ঞা

খাজনার সংজ্ঞাকে তিনটি আঙ্গিকে বিবেচনা করা হলো :

ক. সাধারণ অর্থে খাজনা বলতে কোন বাড়ী, জমি, দোকান, গাড়ী এসব নির্দিষ্ট সময়ের জন্য ব্যবহার বাবদ চুক্তিভিত্তিক অর্থ প্রদান বুঝানো হয়। কিন্তু অর্থনীতিতে খাজনা শব্দের ব্যবহার ভিন্ন রকম। অর্থনীতিতে খাজনা বলতে 'অর্থনৈতিক খাজনা' বুঝানো হয়। বিশুদ্ধ খাজনা বা অর্থনৈতিক খাজনা হলো একটি উৎপাদনশীল উপকরণের জন্য প্রদত্ত দাম, যেখানে সেই উপকরণের প্রোগান সম্পূর্ণ অস্থিতিস্থাপক।

উপকরণের সম্পূর্ণ অস্থিতিস্থাপক প্রোগান কথটির অর্থ কি?

উপকরণের দাম বা উপকরণের প্রয়োজন (চাহিদা) এর পরিবর্তন ঘটলেও ঐ উপকরণের পরিমাণের কোন পরিবর্তন সম্ভব হয় না, সেই উপকরণের প্রোগানকে সম্পূর্ণ অস্থিতিস্থাপক বলা হয়। জমির মোট প্রোগান কোন রকমেই ঐদি বাড়ানো সম্ভব না হয়, তবে জমির প্রোগানকে সম্পূর্ণ অস্থিতিস্থাপক (বা শূন্য স্থিতিস্থাপক) বলা হবে। জমির সম্পূর্ণ অস্থিতিস্থাপকতা বা চাহিদার তুলনায় জমির প্রোগানের স্বল্পতার কারণেই মূলতঃ ঐ ভিত্তি রিকার্টো খাজনাকে জমির সাথে সম্পৃক্ত করেছেন।

খ. খাজনাকে অনেক সময় উদ্বৃত্ত হিসাবে গণ্য করা হয়। তাই খাজনার সংজ্ঞা এভাবেও

দেয়া যায় : উৎপাদন ক্ষেত্রে নিম্নুক্ত কোন উপাদানের ন্যূনতম প্রোগান দাম

(গরহরসঁস ংঁটচষু টংরপব) অপেক্ষা উপাদানের মালিক অতিরিক্ত আয় পেলে সেই

অতিরিক্ত উপার্জিত অর্থকে খাজনা বলে।

কেন জমি থেকে প্রাপ্ত আয়ের সবটাই অর্থনৈতিক খাজনা হিসাবে বিবেচ্য?

ঐদি অর্থনৈতিক শক্তির উপর কোন উপাদানের প্রোগান নির্ভর না করে, অথচ সেই উপাদান বাবদ অর্থ উপাদানের মালিক পায়, তবে সেই প্রাপ্তিকে বাড়তি প্রাপ্তি বা উদ্বৃত্ত বলা হয়। এরূপ উদ্বৃত্ত অর্থ উপকরণের মালিক ঐ পায়, তাকে অর্থনৈতিক খাজনা হিসাবে নির্দেশ করা হয়।

সমাজের দিক থেকে জমির আয়ের সবটাই খাজনা। সামগ্রিক দিক থেকে, জমির প্রোগান-দাম

শূন্য। কারণ দাম ঐই হউক না কেন, সমাজের নিকট জমির প্রোগান কম-বেশি হয় না। সমগ্র

সমাজের দৃষ্টিকোণ থেকে জমি থেকে প্রাপ্ত আয়ের সবটা হলো উদ্বৃত্ত। আর উদ্বৃত্ত ঐহেতু

খাজনা, তাই জমি থেকে প্রাপ্ত আয় সবটাই অর্থনৈতিক খাজনা।

গ. খাজনা হলো উপাদানের প্রাপ্তব্য আয় বা উপার্জন, ঐ সুযোগ ব্যয়ের অতিরিক্ত হিসাবে পাওয়া যায় এবং ঐর উৎপত্তি ঘটে উপাদানের সম্পূর্ণ স্থিতিস্থাপকতার অভাবে।
উপকরণের স্থানান্তর ব্যয়কে সুযোগ ব্যয় বলা হয়, অর্থাৎ জমিকে বর্তমান প্রয়োগ ক্ষেত্রে রাখার জন্য ঐ পরিমাণ অর্থ প্রদান করতে হবে, তাই হলো সুযোগ ব্যয়